

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা,  
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ও রিটার্নিং অফিসার  
৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪

নির্বাচন অগ্রাধিকার  
অতীব জরুরী

নম্বর:- ০৫.৫৫.৩২০০.০৪৪.২৫.০০৩.২৪. ৯৬৬

তারিখ: ০৫ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ  
১৮ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

গণ-বিজ্ঞপ্তি

যেহেতু, নির্বাচন কমিশন এতদ্বারা উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৩ অনুযায়ী গাইবান্ধা জেলাবীন সুন্দরগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নবর্ণিত সময়সূচি ধার্য করে ০৫ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ/ ১৮ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে ১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৬.২৪-১৯০ নং প্রজ্ঞাপন জারি করেছেন :


(ক)	রিটার্নিং অফিসার/ সহকারী রিটার্নিং অফিসারের নিকট অনলাইনে মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	০২ মে ২০২৪ ১৯ বৈশাখ ১৪৩১	বৃহস্পতিবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	০৫ মে ২০২৪ ২২ বৈশাখ ১৪৩১	রবিবার
(গ)	মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	০৬-০৮ মে ২০২৪ ২৩-২৫ বৈশাখ ১৪৩১	সোমবার- বুধবার
(ঘ)	আপিল নিষ্পত্তি	:	০৯-১১ মে ২০২৪ ২৬-২৮ বৈশাখ ১৪৩১	বৃহস্পতিবার - শনিবার
(ঙ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	১২ মে ২০২৪ ২৯ বৈশাখ ১৪৩১	রবিবার
(চ)	প্রতীক বরাদ্দ	:	১৩ মে ২০২৪ ৩০ বৈশাখ ১৪৩১	সোমবার
(ছ)	ভোটগ্রহণের তারিখ	:	২৯ মে ২০২৪ ১৫ জ্যৈষ্ঠ ১৪৩১	বুধবার

ভোটগ্রহণের সময়সীমা : সকাল ০৮.০০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত ব্যালট পেপার এর মাধ্যমে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

০২। এক্ষণে, সেহেতু, আমি মোঃ মশিউর রহমান, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, গাইবান্ধা ও রিটার্নিং অফিসার, উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৪ অনুযায়ী এতদ্বারা গণ-বিজ্ঞপ্তি জারি করছি যে, সুন্দরগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচনের জন্য মনোনয়নপত্র আগামী ০২ মে ২০২৪/ ১৯ বৈশাখ ১৪৩১ তারিখ বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত অথবা উক্ত দিনের পূর্ববর্তী যে কোন সময় অনলাইনে দাখিল করা যাবে।

৩। উল্লেখ্য যে, অনলাইনে মনোনয়নপত্র দাখিলের ক্ষেত্রে নির্বাচনকমিশনের ওয়েব সাইটে ([www.ecs.gov.bd](http://www.ecs.gov.bd)) প্রবেশ করে বাম পাশে ম্যানুবারে 'অনলাইনে মনোনয়নপত্র দাখিল' লিংকে (<https://onss.ecs.gov.bd>) প্রবেশ করে মনোনয়নপত্র দাখিল করতে হবে।

তারিখ: ১৮ দিন ০৪ মাস ২০২৪ বৎসর

  
(মোঃ মশিউর রহমান)

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, গাইবান্ধা  
ও রিটার্নিং অফিসার  
৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪  
মোবাইল-০১৭৬২৬৯৫০৫৩


Email: [admgaibandha@gmail.com](mailto:admgaibandha@gmail.com)

নম্বর:- ০৫.৫৫.৩২০০.০৪৪.২৫.০০৩.২৪. ১৩৬

তারিখ: ০৫ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ  
১৮ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা।
- ৩। মহাপরিচালক, নির্বাচনী প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ৫। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, গাইবান্ধা ও আপিল কর্তৃপক্ষ।
- ৭। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর বিভাগ, রংপুর।
- ৮। পুলিশ সুপার, গাইবান্ধা।
- ৯। জেলা নির্বাচন অফিসার, গাইবান্ধা।
- ১০। অধিনায়ক, র্যাব-১৩, গাইবান্ধা।
- ১১। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, গাইবান্ধা।
- ১২। জেলা তথ্য অফিসার, গাইবান্ধা। [তাকে উপজেলায় গণবিজ্ঞপ্তি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
- ১৩। উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা ও সহকারী রিটার্নিং অফিসার [তাকে উপজেলায় গণবিজ্ঞপ্তি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।
- ১৪। উপজেলা নির্বাচন অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা [তাকে উপজেলায় গণবিজ্ঞপ্তি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।
- ১৫। অফিসার-ইন-চার্জ, সুন্দরগঞ্জ থানা, গাইবান্ধা।
- ১৬। সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, গাইবান্ধা।
- ১৭। সভাপতি/সম্পাদক, উপজেলা প্রেসক্লাব, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।

  
১৮/০৪/২০২৪  
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, গাইবান্ধা  
ও রিটার্নিং অফিসার  
৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪